দৈনিক খবর

14

তারিখ ..23 DEC 19..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫

## ভর্তি সমস্যা সমাধানে সরকারের নতুন স্কুল স্থাপনের উদ্যোগ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, রাষ্ট্রপতি এরশাদের নির্দেশে ঢাকা মহানগরীসহ দেশের বিভিন্ন স্থানে ছাত্র-ছাত্রীদের ভর্তি সমস্যা সমাধানের লক্ষ্যে নতুন বিদ্যালয় প্রতিষ্ঠা এবং বিদ্যমান স্কুলসমূহে আসন সংখ্যা বৃদ্ধি ও অন্যান্য সুযোগ-সুবিধা বাড়ানোর ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করছে এবং ইতিমধ্যেই এ

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## ভর্তি সমস্যা

প্রথম পৃষ্ঠার পর

ব্যাপারে জরিপের কাজ শুরু হয়েছে।

মন্ত্রী সোমবার অগ্রণী বালিকা বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

স্কুল পরিচালনা কমিটির সভাপতি জনাব খানে আলম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে শিক্ষা সচিব আ ন ম ইউসুফ এবং স্কুলের প্রতিষ্ঠাতা ডঃ কাজী আনোয়ারা মনসুরও বক্তৃতা করেন।

শিক্ষমন্ত্রী বলেন, দেশ ও জাতিকে এগিয়ে নিতে এবং উন্নয়নের কাংখিত লক্ষ্য অর্জন করতে হলে শিক্ষার কোন বিকল্প নেই।

দেশে নারী শিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বর্তমান সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, দেশের জনসংখ্যার অর্ধেক নারী সমাজকে অশিক্ষিত রেখে দেশের সার্বিক উন্নয়ন সম্ভব নয়। এই গুরুত্বপূর্ণ দিকটি বিবেচনা করেই রাষ্ট্রপতি এরশাদ গ্রাম এলাকায় মেয়েদের শিক্ষাকে ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করেছেন।

মন্ত্রী সরকার প্রদত্ত সুযোগ-সুবিধা কাজে লাগিয়ে দেশে শিক্ষা সম্প্রসারণের সরকারকে সহযোগিতা প্রদান করার জন্য সকলের প্রতি আহবান জানান।

মন্ত্রী পরে ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।